পবিত্র হজ পালনে সৌদি আরব যাচ্ছেন বাগেরহাট জেলা পরিষদের প্রশাসক ব্যারিস্টার শেখ জাকির হোসেন

পবিত্র হজ পালন করতে স্বপরিবারে সৌদি আরব যাচ্ছেন বাগেরহাট জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির অন্যতম নেতা ব্যারিস্টার শেখ মোহাম্মদ জাকির হোসেন। বুধবার (২০ মে) সকাল ছয়টায় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে একটি ফ্লাইটে তিনি পবিত্র মক্কার উদ্দেশ্যে রওনা হবেন।

হজযাত্রাকে কেন্দ্র করে রাজনৈতিক সহকর্মী, আত্মীয়-স্বজন, শুভাকাঙ্ক্ষী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে ইতোমধ্যে সৌজন্য সাক্ষাৎ ও কুশল বিনিময় করেছেন তিনি। বিদায়ের আগে তিনি বাগেরহাটবাসীসহ দেশবাসীর কাছে দোয়া কামনা করেছেন।

ব্যারিস্টার শেখ মোহাম্মদ জাকির হোসেন বলেন, “জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ একটি ধর্মীয় দায়িত্ব পালনের উদ্দেশ্যে পবিত্র হজে যাচ্ছি। আল্লাহ যেন সুস্থভাবে হজের সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করার তাওফিক দান করেন এবং দেশ ও জাতির কল্যাণে কাজ করার শক্তি দেন, সেজন্য সবার কাছে দোয়া চাই।”

তিনি আরও বলেন, দেশ, জাতি ও বাগেরহাটবাসীর শান্তি, উন্নয়ন ও সমৃদ্ধির জন্য পবিত্র ভূমিতে বিশেষ দোয়া করবেন।

জেলা বিএনপির নেতাকর্মীরা জানান, ব্যারিস্টার শেখ জাকির হোসেন দীর্ঘদিন ধরে বাগেরহাটের রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। তার সুস্থভাবে হজ পালন শেষে দেশে ফিরে আসার জন্য তারা দোয়া কামনা করেছেন।